



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং : মাউশিবোদি/পনি/পরীঃ/এইচএসসি/২০১৭/১৮৬৯(৩৫০০)

তারিখ : ১০/০১/২০১৭ খ্রি.

বিষয় : ২০১৭ সালের এইচএসসি পরীক্ষার পরীক্ষক নিবন্ধন Online এ সম্পন্নকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের এইচএসসি পরীক্ষার পরীক্ষক ও প্রধান পরীক্ষক নির্বাচনের জন্য সংশ্লিষ্ট পরীক্ষক, প্রধান পরীক্ষক এবং পরীক্ষক হতে অগ্রহী (বেসরকারি কলেজের ক্ষেত্রে যাদের MPO Index নেই তারা আবেদন করতে পারবেন না তবে ক্যাডেট কলেজ, ক্যান্ট: পাবলিক, কলেজেরেট, পুলিশ লাইন্স, লায়ন্স ও মিশনারী প্রতিষ্ঠানসমূহ আবেদন করতে পারবে) শিক্ষকদের তথ্য Online এ সংগ্রহের লক্ষ্যে দিনাজপুর শিক্ষা বোর্ড একটি Software Develop করেছে। শুধুমাত্র শিক্ষা বোর্ডের নিজস্ব Website : www.dinajpurboard.gov.bd অথবা, www.dinajpureducationboard.gov.bd Visit করতঃ DBTP (Dinajpur Board Teacher's Profile) Link Option ব্যবহার করে সংশ্লিষ্ট সকল পরীক্ষক/প্রধান পরীক্ষক এবং পরীক্ষক হতে অগ্রহী শিক্ষককে আগামী ১৫/০১/২০১৭ তারিখ হতে ৩১/০১/২০১৭ তারিখের মধ্যে Online এ সঠিকভাবে তথ্য প্রদান পূর্বক Registration সম্পন্ন করতে বিশেষভাবে অনুরোধ করা হলো। গত বছর যারা Online-এ রেজিস্ট্রেশন করেছিলেন তাদেরকেও আবার Online Registration করতে হবে।

উল্লেখ্য শুধুমাত্র Online এ প্রাপ্ত তথ্য থেকেই ২০১৭ সালের এইচএসসি পরীক্ষার পরীক্ষক ও প্রধান পরীক্ষক নির্বাচন করা হবে। পূর্বের তথ্য ব্যবহৃত হবে না। বিধায় সংশ্লিষ্ট সকলকেই Online এ অবশ্য অবশ্যই পুনরায় Registration করতে হবে।


Online Registration সংক্রান্ত :

- ০১। যে সকল সম্মানিত শিক্ষক ইতোমধ্যে অবসরে গিয়েছেন এবং যারা আগামী ৩০/০৩/২০১৭ তারিখের পূর্বে অবসরে যাবেন তাঁদের ২০১৭ সালের এইচএসসি পরীক্ষার পরীক্ষক/প্রধান পরীক্ষক হওয়ার জন্য Online-এ নিবন্ধন/আবেদন করার প্রয়োজন নেই।
- ০২। Online Registration শুরু করার আগে DBTP Option-এ Click করে রেজিস্ট্রেশন করার নিয়মাবলি/ব্যবহারবিধি/নির্দেশাবলি অবশ্যই ভালোভাবে পড়তে হবে এবং Online Registration করার সময় উক্ত নিয়মাবলি/ব্যবহারবিধি/নির্দেশাবলি সামনে রেখে Step by Step তথ্য প্রদান সম্পন্ন করতে হবে।
- ০৩। একজন শিক্ষক শুধুমাত্র একটি পত্রে পরীক্ষক হওয়ার জন্য Online-এ নিবন্ধন করতে পারবেন। যদি কোন শিক্ষক একাধিক বিষয়ে পরীক্ষক হওয়ার জন্য নিবন্ধন করেন তাহলে তাঁকে এ শিক্ষা বোর্ডের সকল পরীক্ষার পরীক্ষক ও গোপনীয় কার্যক্রম থেকে আজীবন বিরত রাখার ব্যবস্থা করা হবে।
- ০৪। কেবলমাত্র কলেজ পর্যায়ে পাঠদানকারী শিক্ষকই পরীক্ষক/প্রধান পরীক্ষক হওয়ার জন্য আবেদন করতে পারবেন। এর ব্যতিক্রম করা হলে তাঁর বিরুদ্ধে "পাবলিক পরীক্ষাসমূহ অপরাধ আইন- ১৯৮০" অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৫। পরীক্ষক হওয়ার জন্য রেজিস্ট্রেশনের সময় আবেদনকারী যে পাসওয়ার্ড নিজে তৈরি করে ব্যবহার করবেন উক্ত পাসওয়ার্ড যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। কেননা উত্তরপত্র গ্রহণের সময় এই পাসওয়ার্ডটি অবশ্যই প্রয়োজন হবে।
- ০৬। অত্র শিক্ষা বোর্ডের অওতাধীন সকল মহাবিদ্যালয়ের সম্মানিত অধ্যক্ষ উপরে বর্ণিত সময়সূচি অনুযায়ী Online-এ যথারীতি নিবন্ধন করবেন এবং আগামী ০১/০২/২০১৭ তারিখ থেকে ০৫/০২/২০১৭ তারিখের মধ্যে স্ব স্ব মহাবিদ্যালয়ের আবেদনকারী শিক্ষকদের Online এ দেয়া তথ্য যাচাই বাছাই করে Confirm করবেন। অধ্যক্ষগণ বর্ণিত নিয়মাবলী অনুযায়ী নিজের তথ্য Online এ প্রদান করার পর নির্ধারিত ০১/০২/২০১৭ তারিখ থেকে ০৫/০২/২০১৭ তারিখের মধ্যে নিজ নিজ Profile এ প্রবেশ করে My Profile এর পার্শে Teacher List Option এ ক্লিক করে স্ব স্ব মহাবিদ্যালয়ের আবেদনকারী শিক্ষকদের প্রদেয় তথ্য যাচাই বাছাই করবেন এবং প্রয়োজন হলে Edit Option ব্যবহার করে কোন ভুল তথ্য সংশোধন করতে পারবেন। যাচাই শেষে Confirm বাটনে ক্লিক করে আবেদনকারী শিক্ষকের তথ্য Online এ প্রেরণ নিশ্চিত করবেন। আবেদনকারী শিক্ষকদের তথ্য প্রেরণ না করলে বা ভুল তথ্য প্রেরণ করলে সংশ্লিষ্ট অধ্যক্ষ এককভাবে দায়ি থাকবেন।
- ০৭। Online এ তথ্য প্রদান করতে কিংবা Registration করতে সমস্যা হলে কিংবা যে কোন কারিগরি সহায়তা/অনলাইন সমস্যা সমাধানের জন্য dboardhelp@gmail.com ঠিকানায় মেইল করুন।
- ০৮। নির্ধারিত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট সকলকে পরীক্ষক নিবন্ধন কার্যক্রম শেষ করতে হবে। কোন ক্রমেই সময়সীমা বৃদ্ধি করা হবে না।

অধ্যক্ষ

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন

সংশ্লিষ্ট সকল মহাবিদ্যালয়।


মোঃ তোফাজ্জুর রহমান

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

ফোন : ০৫৩১-৫১৮৮১, ফ্যাক্স : ০৫৩১-৬৬৪২১

অনুলিপি : অবগতি ও কার্যার্থে বিতরণ-

- ০১। সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ০২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ০৩। নোটিশ বোর্ড।
- ০৪-০৫। Website ও অফিস কপি।